Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৪৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৯শে চৈত্র বুধবার ১৩৬৪ ইংরাজী 2nd April. 1958 { ৪৩শ সংখ্যা

১২ই চৈত্র ১৮৭৯ শকাব্দ





মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৯শে চৈত্র বুধবার সন ১৩৬৪ সাল।

# রাজদরবারে নৃত্যগীতে বিভ্রাট

—•—

এক নট ও তাঁহার সহধর্ম্মিণী নটী এক রাজ-দরবারে নাচ গান করিবার জন্য আসরে অবতীর্ণ হইলেন। লোকে বলে গান বাজনা হাওয়ার কর্ম্ম। কোন দিন নাচ গানে দর্শক ও শ্রোতৃবৃন্দ অত্যন্ত মুগ্ধ হইয়া রুমালে বাঁধিয়া মুদ্রা আসরে নিক্ষেপ করিয়া থাকে, তাহাকে পেলা বা প্যালা বলা হয়। এই প্যালা পাইলেই নর্ত্তকী বা গায়িকারা উৎসাহিতা হইয়া সকলের মনোরঞ্জনের জন্য খুব চেষ্টা করিয়া থাকেন।

সেদিন নানা প্রকার গীত ও নৃত্যে তাঁহারা সমাগত ভদ্রজনগণের আনন্দোৎপাদন করিতে পারিলেন না। সুতরাং পুরস্কার স্বরূপ প্যালাও পাইলেন না। সেকালে সেরাজ্যে ভদ্রসমাজে সংস্কৃত ভাষা প্রচলিত ছিল। নটী অত্যন্ত ক্ষুব্ধা হইয়া স্বামী নটকে চুপি চুপি বলিলেন—আজ আর আসর লাগিবে না। আসর না লাগিলে শ্রোতৃগণ কোলাহল করিতেছে ব্যঙ্গ করিতেছে। আসর ভাঙ্গিয়া দাও। আজ অযশই হইল। অর্থের দিক দিয়াও কিছু হইল না। পত্নীর কথা শুনিয়া নট তাহাকে সংস্কৃত ভাষায় বলিলেন—

গতা বহুতরা কান্তে
স্বল্পা তিষ্ঠতি শর্ব্বরী।
ইতি চিত্তে সমাধায়
কুরু সজ্জন-রঞ্জনং।

অর্থ—রাত্রির বেশী ভাগই গত হইয়াছে। অতি অল্প রাত্রি অবশিষ্ট আছে। এই সময়টুকু চেষ্টা করে দেখ যদি সজ্জনগণের মনোরঞ্জন করিতে পার।

নট তাঁহার পত্নীকে এই শ্লোক বলা মাত্র স্বয়ং রাজকুমার নিজের অঙ্গুলি হইতে বহু মূল্যের হীরকাঙ্গুরী খুলিয়া নটের আঙ্গুলে পরাইয়া দিলেন। তাঁর পরেই রাজকন্যা তাঁহার কণ্ঠাভরণ বহু মূল্যের হার নটীর গলায় পরাইয়া দিলেন। সঙ্গে সঙ্গে মন্ত্রী-পুত্র কয়েকখানি স্বর্ণ মুদ্রা তাঁহাদের অর্পণ করিলেন। এই সময়ে সমাগত সকলের বিস্ময়োৎপাদন করিয়া নিরক্ষর কোতোয়াল-পুত্র রাজপুরুষগণের সহিত উপবিষ্ট তাহার পিতা রাজ-কোতোয়ালের গালে সকলের সামনেই সজোরে এক চপেটাঘাত করিল। পুত্রের প্রদত্ত চড় খাইয়া পুলকে গদ গদ হইয়া কোতোয়াল পুত্রকে কোলে লইয়া আদর করিতে লাগিলেন। সভাস্থ সকলেই অবাক। নাচ গানে কাহারও কোন ভাবোন্মাদনা হইল না, অথচ নটের এই শ্লোক আবৃত্তিতে এত কাণ্ড হইয়া গেল।

রাজা সকলের সমক্ষে রাজকুমারকে বলিলেন "বৎস! আজ নাচে গানে কাহারও তৃপ্তি হয় নাই। নট হঠাৎ তাঁহার পত্নীকে শ্লোকটি বলা মাত্র তুমি নটকে তোমার হীরকাঙ্গুরী প্রদান করলে এর কারণ কি? কুমার সসম্মানে পিতাকে বলিলেন—আপনি বহুদিন হইতে সকলের কাছে বলিয়াছেন—কুমারকে যৌবরাজ্যে অভিষিক্ত করিয়া বানপ্রস্থ অবলম্বন করিবেন। বাবা! আপনি বহু বৎসর অতীত হইল, এই অভিলাষ পূর্ণ করিতেছেন না। আমার রাজ্য লিপ্সা এত প্রবল হইয়াছিল যে আমি পিতৃহত্যা করিয়াও সিংহাসনে উপবেশন করিব মনে করিয়াছিলাম। নট যখন বলিলেন "গতা বহুতরা কান্তে" শ্লোকটি তাঁহার পত্নীকে, তখন আমার মনে হইল, পিতার বয়স অনেক হইয়াছে, আর কত দিনই বা বাঁচিবেন। আমি অল্পের জন্য পিতৃহন্তা হইয়া কলঙ্ক অর্জ্জন করি কেন? তাই তাঁকে অঙ্গুরীটি দিয়াছি। নট আমাকে মহাপাপ হইতে রক্ষা করিয়াছেন।

রাজা তাঁহার কন্যাকে মাল্য উপহার দেওয়ার কারণ জিজ্ঞাসা করায় তিনি বলিলেন "বাবা, আপনি মন্ত্রী-পুত্রের সহিত আমার বিবাহ দিবেন এই কথা বহুদিন পূর্ব্বে বলিয়াছেন, কিন্তু আমি বিগত-যৌবনা হইতে চলিলাম। আপনি বিবাহ দিলেন না, আমি মন্ত্রী-পুত্রের সহিত ষড়যন্ত্র করিয়াছিলাম—একদিন রাত্রিকালে সকলের অগোচরে রাজধানী ত্যাগ করিব। নটের ঐ শ্লোকে আমার জ্ঞান সঞ্চার হইল। ভাবিলাম বাবা, কতদিন আমাকে অবিবাহিতা রাখিবেন। আমি তো মন্ত্রী-পুত্রের নিকট বাগদত্তা হইয়া আছি। অনর্থক এই অপকর্ম্ম করিয়া পিতার কুলে কেন কলঙ্কারোপ করি। তাই ওঁদের নিকট কৃতজ্ঞতার পুরস্কার স্বরূপ এই মাল্য অর্পণ করিয়াছি। রাজা মন্ত্রী-পুত্রকে জিজ্ঞাসা করায় তিনি উত্তর দিলেন—মহারাজ, এতদিন যাঁহার অন্নে এই জীবন রক্ষা করিতেছি তাঁহার নিকট কৃতঘ্ন হওয়ার পাপ হইতে নটের শ্লোক আমাকে রক্ষা করিয়াছে। তাই আমার সাধ্যমত সামান্য অর্থ এঁদের দিয়াছি। রাজা কোতোয়াল-পুত্রকে তাহার পিতার গণ্ডে চড় মারার কারণ জিজ্ঞাসা করায় সে বলিল—মহারাজ! আপনি কুমারকে কুমারীকে লেখা পড়া শিখিয়েছিলেন। মন্ত্রী মহাশয় তাঁহার ছেলেকেও বিদ্যা শিক্ষা করিয়েছেন। তাঁরা শ্লোকের অর্থ বুঝিয়া তাঁদের সাধ্যমত পুরস্কার দিলেন। আমার বাবা আমাকে বিদ্যালয়ে কিছু শিখিবার সুযোগ দেয়নি। আমি যদি লেখাপড়া জানিতাম আমার সাধ্যমত টাকাটা সিকেটাও দিতাম। ঐ ছোটলোক বাবার উপযুক্ত দণ্ড বিরাশি শিক্কার চড়।

রাজা তখন কোতোয়ালকে জিজ্ঞাসা করিলেন—গালে চড় মারে যে ছেলে তাকে কোলে নিয়ে আদর করার কারণ কি? সসম্মানে কোতোয়াল উত্তর দিলেন—লোকে বলে মূর্খ পুত্র যমের সমান। আমার ছেলে আমাকে প্রাণে না মেরে যে একটা চড় মেরে ক্ষান্ত হয়েছে তাই তাকে সোনার চাঁদ বলে আদর করেছি।

রাজা নটের শ্লোকটি তাঁহাকে সকল দিক দিয়ে রক্ষা করেছে বলিয়া তাঁহাকে বহু টাকা পুরস্কার দিলেন।

আমাদের জানা এক রাজ দরবারে নানা রকমের জন্তু নিয়ে সার্কাসের দল করা হইয়াছে। রাজা একজন রিং মাষ্টার দ্বারা সব জানোয়ারের গতি-বিধি নিয়ন্ত্রণের ব্যবস্থা করেছেন। সব জানোয়ার একদিন এমন গোলমাল সুরু করে দিল যে এক ধূর্ত্ত চতুষ্পদ রিঙ মাষ্টারের চাবুকখানিও মুখে ধরে

দে ছুট। বেচারা রিং-মাষ্টার এই সব হিংস্র জানোয়ারের সান্নিধ্যে না থেকে অন্য উপায়ে অন্ন সংস্থানের ব্যবস্থা করছেন।

তিনি বলেন দু-পেয়ে জানোয়ারগুলোকে পোষ মানান দায়।

"জংলা কভু পোষ না মানে"

এ বাক্যও "সত্যমেব জয়তের মত।"

---

## জঙ্গিপুর কেন্দ্রে স্কুল ফাইনাল পরীক্ষা

গত ২৯শে মার্চ্চ শনিবার হইতে স্কুল ফাইনাল পরীক্ষা আরম্ভ হইয়াছে। এ বৎসর জঙ্গিপুর কেন্দ্র হইতে মোট ৫৭৮ জন ছাত্র ছাত্রী পরীক্ষা দিতেছে। পরীক্ষা বেশ ভালভাবে চলিতেছে।

---

## কমিশনর নির্ব্বাচন

বিগত ২৩শে মার্চ্চ রবিবার ধুলিয়ান মিউনিসিপ্যালিটীর কমিশনর নির্ব্বাচন পর্ব্ব শেষ হইয়াছে। নিম্নোক্ত ব্যক্তিগণ বিভিন্ন ওয়ার্ড হইতে নির্ব্বাচিত হইয়াছেন।

১নং ওয়ার্ড ( দুইটী আসন )

শ্রীমুরলীধর গুপ্ত, শ্রীফণিভূষণ সিংহ।

২নং ওয়ার্ড ( তিনটী আসন )

শ্রীধীরেন্দ্রনাথ রায়, শ্রীরবীন্দ্রনাথ দাস

শ্রীঅমিয়কুমার রায়

৩নং ওয়ার্ড ( দুইটী আসন )

হাজি বাদ্‌হু মহলদার, আবদুল হামিদ।

৪নং ওয়ার্ড ( দুইটী আসন )

শ্রীজিতেন্দ্রনাথ তেওয়ারী, শ্রীসুধীরকুমার সাহা

---

## আততায়ী হস্তে নিহত

গত ১৭ই চৈত্র সোমবার রাত্রিতে রঘুনাথগঞ্জ থানার জামুয়ার গ্রামের শ্রীকৃপাদাস মুখোপাধ্যায় ওরফে কাবিল নামক একজন যুবককে জামুয়ার ও সিদ্ধিকালী গ্রামের মধ্যবর্ত্তী মাঠে কে বা কাহারা সাংঘাতিকভাবে হত্যা করিয়াছে। ঐ সময়ে কাবিল রঘুনাথগঞ্জ হইতে বাড়ী ফিরিতেছিল। পুলিশ তদন্ত চলিতেছে।

---

## "রয়েল" এর অনুগ্রহে মানুষ
## BOIL ( বইল—সিদ্ধ ) হচ্ছে খাদ্যের বদলে।



"সিদ্ধপুরুষের ক্ষুধা তৃষ্ণা নাই"



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

KA-15

---

## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১৬

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সুতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্,
সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত

## খনি দুর্ঘটনায় নিহতদের পরিবারবর্গকে সাহায্য দান

গত ২৬শে মার্চ্চ পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রীমতী পদ্মজা নাইডু আসানসোল মহকুমার চিনাকুড়িতে আগমন করেন। তিনি চিনাকুড়ি খনি দুর্ঘটনায় নিহত শ্রমিকদের পরিবারবর্গের ভিতর কিছু কম্বল ও তাঁহার সাহায্য তহবিল হইতে ৩২০০০৲ হাজার টাকা বিতরণ করেন। এক একটী পরিবার প্রায় ছয় শত ষাট টাকা করিয়া সাহায্য পাইয়াছেন।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ১৫ই এপ্রিল ১৯৫৮*

১৯৫৭ সালের ডিক্রীজারী

৩৪৬ থাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং মাখন মাঝি দাবি ১০ টাকা ৪৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ১৪ শতকের কাত ‖৩ আঃ ৫৲ খং ৪৮১।১

৩৪৮ থাং ডিঃ ঐ দেং উমাকান্ত মণ্ডল দিং দাবি ৩২ টাকা ০৯ নঃ পঃ মৌজাদি ঐ ২-৯১ শতকের কাত ১৫‖৶৫ আঃ ২৫৲ খং ৮৩

৩৫১ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং নকুলচন্দ্র মেহেনা দাবি ১১ টাকা ৮২ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ১-৪০ শতকের কাত ১।/৭ আঃ ১০৲ খং ৭২

৩৫৫ থাং ডিঃ ঐ দেং তারাগতি দেবী দাবি ২৭ টাকা ৩৫ নঃ পঃ মৌজাদি ঐ ৩-১৪ শতকের কাত ১২৵৯ আঃ ২০৲ খং ৮২

৩৫৬ থাং ডিঃ ঐ দেং সরোজাক্ষ হাজরা দিং দাবি ৩০ টাকা ৯৭ নঃ পঃ মৌজাদি ঐ ৫-২৪ শতকের কাত ১৪৶/৬ আঃ ২৫৲ খং ৮৪, ১২৪

৩৫৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫ টাকা ৮৬ নঃ পঃ মৌজাদি ঐ ১-৬৯ শতকের কাত ৩৵৫ আঃ ১০৲ খং ৮১

৩৫৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২ টাকা ৯৯ নঃ পঃ মৌজাদি ঐ ৯৫ শতকের কাত ১।০ আঃ ৫৲ খং ১৩৮

৩৫৩ থাং ডিঃ ঐ দেং পঙ্কজকুমার রায় দাবি ১৪ টাকা ৬১ নঃ পঃ থানা ঐ মৌজে মণ্ডলপুর ৭৮ শতকের কাত ২‖০ আঃ ১০৲ খং ১২

৩৬২ থাং ডিঃ ঐ দেং বসন্তকুমার দত্ত দিং দাবি ১৯ টাকা ০৭ নঃ পঃ থানা ঐ মৌজে সিমলা ১-২২ শতকের কাত ৫‖০ আঃ ২০৲ খং ৫৫

৩৬৩ থাং ডিঃ ঐ দেং হরেন্দ্রনাথ মণ্ডল দিং দাবি ২৭ টাকা ৪৪ নঃ পঃ মৌজাদি ঐ ২-৩২ শতকের কাত ১০।৶৬ আঃ ৩৫৲ খং ৪৬

৩২৮ থাং ডিঃ পশুপতি চট্টোপাধ্যায় দিং দেং রাজনন্দিনী দাসী দাবি ২০ টাকা ৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে নওদাটুলী ৩৩ শতকের কাত ১।০ আঃ ১০৲ খং ২৪৯ রায়ত স্থিতিবান স্বত্ব

১৮২ থাং ডিঃ সহস্রাংশুকান্ত আচার্য্য দিং দেং করমতুল্লা মণ্ডল দাবি ৩০ টাকা ১০ নঃ পঃ থানা সুতী মৌজে ফতেপুর ২।০ কাঠার কাত ২‖০ আঃ ১০৲ স্থিতিবান স্বত্ব

২১৪ থাং ডিঃ ঐ দেং সামমহম্মদ সেখ দিং দাবি ২৬ টাকা ৯৮ নঃ পঃ থানা সুতী মৌজে নারায়ণপুর ২৴০ বিঘার কাত ২।০ আঃ ১০৲

২৭৪ থাং ডিঃ ঐ দেং আবদুল গোফুর বিশ্বাস দাবি ৪৫ টাকা ৩৩ নঃ পঃ থানা ঐ মৌজে ৭৪নং সুরপুর নারায়ণপুর ১৯৫ শতক জমি আঃ ২০৲ খং ৪৫

২৭৮ থাং ডিঃ হরিশ্চন্দ্র মুখোপাধ্যায় দিং দেং দ্বিজপদ মিস্ত্রী দিং দাবি ৭৭ টাকা ৪৪ নঃ পঃ থানা সুতী মৌজে কালীনগর ১-৫২ শতকের কাত ১১।৵৩ আঃ ৪০৲ খং ২৪১ রায়ত স্থিতিবান

১৬৯ থাং ডিঃ ইন্দ্রচন্দ্র সিংহ দেং রেহাত আলি সেখ দিং দাবি ২১ টাকা ৭৫ নঃ পঃ থানা সুতী মৌজে বংশবাটী ৬০ শতকের কাত ১‖৪ আঃ ১০৲ খং ১৯২১ স্থিতিবান স্বত্ব

---

## *চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত*

### *নিলামের দিন ২২শে এপ্রিল ১৯৫৮*

১৯৫৬ সালের ডিক্রীজারী

২০৭ থাং ডিঃ বিবি আমাতুস সুফিয়া সাহেবা দিং দেং মানওয়ার আলি মোল্লা দিং দাবি ৭৬ টাকা ৩৩ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে উমরপুর ১-২৬ শতকের কাত ৩৶০ আঃ ২৫৲ খং ২১২

১৯৫৭ সালের ডিক্রীজারী

১৩১ থাং ডিঃ শৈলবালা রায় দেং বলরাম দাস মহান্ত দিং দাবি ১৬ টাকা ০৩ নঃ পঃ থানা সমসের-গঞ্জ মৌজে মহাদেবনগর ১৪০ শতকের কাত ৩।৶/১৫ আঃ ৫৲ খং ২৫

১৩৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২ টাকা ৬৪ নঃ পঃ থানা ঐ মৌজে মালঞ্চা ১৪০ শতকের কাত ২।৶/১৫ আঃ ৫৲ খং ২৫

১৩৪ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দেং পঞ্চানন মণ্ডল দিং দাবি ১২ টাকা ৬৪ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে মালঞ্চা ১/৪।০ কাঠার কাত ১/১২ আঃ ৫৲ খং ৭৮৪

১০৫ থাং ডিঃ ঐ দেং বিবি আনোয়ারা খাতুন দিং দাবি ১৬ টাকা ৮৯ নঃ পঃ মৌজাদি ঐ ১৩৬ শতকের কাত ৬।০‖ আঃ ৫৲ খং ৬৯৬

১০৭ থাং ডিঃ ঐ দেং হানিফ খাঁ দাবি ১৮ টাকা ৫৬ নঃ পঃ মৌজাদি ঐ ৪৬‖০ জমির কাত ৪৵/১৫ আঃ ৫৲ খং ৭২১

১১৩ থাং ডিঃ ঐ দেং অক্ষয়কুমার সাহা দিং দাবি ২১ টাকা ৯১ নঃ পঃ মৌজাদি ঐ ৮২ শতকের কাত ৩‖৬ পাই আঃ ৫৲ খং ৭৪৭ ও ৭৪৮

১৪৩ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং ফণিভূষণ সরকার দিং দাবি ৭৬ টাকা ০৩ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে কোমড্ডা ৪-৫৪ শতকের কাত ২৩৶/৮ আঃ ৪০৲ খং ৪২

১৪৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৭ টাকা ৫৬ নঃ পঃ মৌজাদি ঐ ৬-৬৮ শতকের কাত ৪০।৬ আঃ ৭৫৲ খং ৪১

১৫৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৩ টাকা ৫৮ নঃ পঃ থানা ঐ মৌজে সাওয়াইল ৪-২২ শতকের কাত ৪০৶/৫ আঃ ৪০৲ খং ২৯৯

১৪৪ থাং ডিঃ ঐ দেং নকড়ি সাহা দিং দাবি ১৬৲ মৌজাদি ঐ ৪৯ শতকের কাত ৬৶/৩ আঃ ১০৲ খং ৩৭০

১৪৫ থাং ডিঃ ঐ দেং দক্ষিণারঞ্জন বিশ্বাস দিং দাবি ৬২ টাকা ৩৭ নঃ পঃ মৌজাদি ঐ ৪-৩৩ শতকের কাত ৩৬৶৫ আঃ ১৫৲ খং ৩১৫

১৪৭ থাং ডিঃ ঐ দেং আবদুল মইদ সেখ দিং দাবি ২১ টাকা ১৮ নঃ পঃ মৌজাদি ঐ ৭৬ শতকের কাত ৭৸৵০ আঃ ১৫৲ খঃ ৮৮

১৬০ থাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং পাঁচুলাল সেরাওগী দাবি ২৪ টাকা ৯২ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে থাড়ুগ্রাম ২-৪৭ শতকের কাত ১০।/৭ আঃ ২০৲ খং ২৮

১৬২ থাং ডিঃ ঐ দেং বদরালী ওরফে বদরুদ্দিন আহাম্মদ দাবি ১২ টাকা ০৮ নঃ পঃ মৌজাদি ঐ ৭ শতকের কাত ৸০ আঃ ১০৲ খং ১১১

১৬৫ থাং ডিঃ ঐ দেং আশালতা দাসী দাবি ৭৭ টাকা ৪৭ নঃ পঃ মৌজাদি ঐ ৩-১৩ শতকের কাত ২৪৻৯ আঃ ৪০৲ খং ২৪৭

১৬৮ থাং ডিঃ ঐ দেং মঃ ইয়াদ হোসেন দাবি ১৩ টাকা ৫৯ নঃ পঃ মৌজাদি ঐ ৩-৬১ শতকের কাত ২৲ আঃ ১০৲ খং ২ অন্তর্গত

১৬৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭ টাকা ৯৭ নঃ পঃ মৌজাদি ঐ ৯৮ শতকের কাত ৫৶৬ আঃ ৫৲ খং ৫৯

১৬১ থাং ডিঃ ঐ দেং তোজম্মল হোসেন দিং দাবি ২৭ টাকা ৫৯ নঃ পঃ থানা ঐ মৌজে ব্রাহ্মণী-গ্রাম ২-১৭ শতকের কাত ১২৷০ আঃ ২৫৲ খং ৪০৬

১৬৬ থাং ডিঃ ঐ দেং এসমাইল সেখ দিং দাবি ১০ টাকা ১৪ নঃ পঃ মৌজাদি ঐ ২৫ শতকের কাত ।৵০ আঃ ১০৲ খং ৩৯

১০৯ থাং ডিঃ আইজাননেসা বিবি দেং মোহিনীমোহন রায় দিং দাবি ৮৩ টাকা ৫২ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ১৩৷৶১০ টাকার জমার জমি আঃ ৫০৲ খং ২০৭ রায়ত মোকররী

১২৩ থাং ডিঃ উমাপদ চৌধুরী দিং দেং মহেশ মণ্ডল দাবি ১১ টাকা ৪৫ নঃ পঃ থানা ফরাক্কা মৌজে হোসেনপুর ৬৪ শতকের কাত ১৸/৬ আঃ ১০৲ খং ৮৩

১২৬ থাং ডিঃ ঐ দেং ফকির মণ্ডল দিং দাবি ১২ টাকা ৭৪ নঃ পঃ মৌজাদি ঐ ৩৯ শতকের কাত ১৷০ আঃ ৫৲ খং ১০৭ স্থিতিবান স্বত্ব

১২৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৲ মৌজাদি ঐ ১-১০ শতকের কাত ৩৷৵৬ আঃ ১০৲ খং ৯৪ অধীনস্থ খং ৯৫ স্থিতিবান স্বত্ব

১২৪ থাং ডিঃ ঐ দেং জলদা মণ্ডলানী দাবি ৩৬ টাকা ১৬ নঃ পঃ থানা ঐ মৌজে আন্দুয়া ৩৭৯ শতকের কাত ৬৶৪ আঃ ২০৲ খং ১০১

১২৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০ টাকা ২৫ নঃ পঃ থানা ঐ মৌজে চণ্ডীপুর ১-৩৭ শতকের কাত ১৸/৩ আঃ ১০৲ খং ৪৭।১৩৮

১২৮ থাং ডিঃ ঐ দেং সাধুচন্দ্র ঘোষ দিং দাবি ৩৯ টাকা ৬৯ নঃ পঃ থানা ঐ মৌজে কালীনগর ২-৯৬ শতকের কাত ৬৲ আঃ ২৫৲ খং ৩৮।৪৩ স্থিতিবান স্বত্ব.

৩৫ স্বত্ব ডিঃ রাধানাথ মণ্ডল দেং রবিরাম মণ্ডল দিং দাবি ৩৬২ টাকা ১০ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে সেখপাড়া ৩-৫৪ শতকের কাত ৭১।৬ আঃ ৫০৲ খং ২৪

৩৭ স্বত্ব ডিঃ অমলকুমার সাহা দেং সহীদ মীর দিং দাবি ১৫২ টাকা ১২ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে হোসেনপুর ২০৭ শতকের কাত ৮৸০ আঃ ৫০৲ সাবেক খং ১৭৪ হাল খং ৩১৫ রায়ত স্থিতিবান ২নং লাট মৌজাদি ঐ ১-৬৬ শতকের কাত ৭৲ আঃ ৪৫৲ খং ১৫৭ ঐ স্বত্ব ৩নং লাট থানা ঐ মৌজে বাড়ালা ২৫ শতকের কাত ৬৷৶৩ আঃ ১০৲ খং ৩৫ ঐ স্বত্ব

১৩৭ থাং ডিঃ লাবণ্যগোপাল দেবনাথ দিং দেং বিভূতিভূষণ সরকার দিং দাবি ১৩১ টাকা ২১ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে ডাংরাইল ৯৮ শতকের কাত ৶০ বিশ ধান্য আঃ ১০০৲ খং ১৬০ রায়ত স্থিতিবান

৯৫ থাং ডিঃ মাতুয়ালী জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং গিরীশচন্দ্র মণ্ডল দাবি ১১২ টাকা ৯৩ নঃ পঃ থানা ফরাক্কা মৌজে তালিপুর ৬৬২ শতকের কাত ২৩।/৬ আঃ ১০০৲ রায়ত স্থিতিবান

———


## পূর্ণপাত্র শূন্য হয়ে আসে ধীরে ধীরে



PLP. 643

মৃত্যুর নিকষকালো তিমিরাবরণ ভেদ ক'রে — মৃত্যুঞ্জয়ীবীরদের অমর বাণী ভেসে আসছে অনির্ব্বাণ জ্যোতিতে যুগে যুগে মানবসভ্যতাকে বর্ব্বরতার সঙ্কট থেকে পরিত্রাণ দিতে। বুদ্ধ, সক্রেটিস্, শেক্সপীয়র, রবীন্দ্রনাথ — সভ্যতার বন্দনীয় পূজারীর দল আজও আছেন অক্ষয় আলোকে বেঁচে মানব ইতিহাসের মণিময় হর্ম্ম্যে। কালের অমোঘ নিষ্ঠুর হস্তে চূর্ণ বিচূর্ণ হ'য়ে গেছে অগণিত ইতিবৃত্তের ভঙ্গুর তুচ্ছ খেলনা; নামহীন কীর্ত্তিহীন অন্ধকারের অতলে তলিয়ে গেছে কত কত সভ্যতার বিজয়োদ্ধত তোরণ; তবুও সভ্যতার অমরদীপবর্ত্তিকা হাতে ইতিহাসকে যে এগিয়ে নিয়ে চলেছে অনন্ত আলোকে, বিচিত্র ধারায়, নব নব সম্ভাবনার পথে; মৃত্যুর মুখ থেকে যে ছিনিয়ে নিয়ে চলেছে জ্ঞানের অমৃতভাণ্ডকে ভাবীকালের মানব বংশীয়দের জন্য—সেই মহান্ উদার, সভ্যতার সুহৃৎ অন্যকেউ নয়, সে আমাদের অতিপরিচয়ের সীমারেখাবদ্ধ – কাগজ

### রঘুনাথ দত্ত এণ্ড সন্স

সর্ব্বপ্রকার কাগজ ও ছাপার কালি বিক্রেতা

"ভোলানাথ ধাম" — ৬৮।২, বিডন স্ট্রীট, ও ২৭, সিমলা স্ট্রীট—কলিকাতা; ৩১—১, পটুয়াটুলি, ঢাকা